**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রোগীদের পরিষেবা দেবার পাশাপাশি তাদের পরিজনদের প্রতি চিকিৎসকদের আরো আন্তরিক হতে হবে ।**

**(২) বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ খোয়াইতে ৭৬তম রাজ্যভিত্তিক বনমহোৎসবের উদ্বোধন করেন |**

**(৩) কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ প্রায় এক লক্ষ কোটি টাকার কর্মসংস্থান-কেন্দ্রিক ইন্সেন্টিভ বা পারিতোষিক প্রকল্পে অনুমোদন প্রদান করেছে।**

**(৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন তিনটি নতুন ফৌজদারি আইন আগামী দিনে ফৌজদারি বিচার ব্যবস্থাকে বদলে দেবে।**

**(৫) ফুটবলে অংশগ্রহণ বৃদ্ধি এবং পড়ুয়াদের মধ্যে শক্তিশালী ক্রীড়া সংস্কৃতি গড়ে তুলতে সারা দেশের স্কুলগুলিতে প্রায় ১০ লক্ষ ফুটবল বিতরণ করা হবে।**

*********************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রোগীদের পরিষেবা দেবার পাশাপাশি তাদের পরিজনদের প্রতি চিকিৎসকদের আরো আন্তরিক হতে হবে। তবেই জাতীয় চিকিৎসক দিবস পালনের সার্থকতা পাওয়া যাবে। আজ আগরতলার বিদুরকর্তা চৌমুহনী এলাকায় ডাঃ ফনিভূষণ দাস স্মৃতি হেলথ কাউন্সিল ভবনের উদ্বোধন করে একথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, রোগী এবং তাদের পরিজনরা উদ্বেগ আর উৎকন্ঠা নিয়েই

হাসপাতালে আসেন। এই অবস্থায় চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীদের অত্যধিক চাপ থাকা সত্তেও সংযতভাবে পরিস্থিতি মোকাবেলা করতে হবে।

জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে আজ আগরতলার প্রজ্ঞাভবন আয়োজিত অনুষ্ঠানেও মুখ্যমন্ত্রী বক্তব্য রাখেন।

########Byte-CM#########

ডা: বিধান চন্দ্র রায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন মানুষের প্রতি দায়বদ্ধতা, আস্থা অর্জনের নিদর্শন রেখে গেছেন, তাঁতিনি র এই চিন্তা চেতনা আগামী প্রজন্মের আরো বেশি করে জানা দরকার। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যে স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে গৃহিত পদক্ষেপগুলি বিস্তারিত উল্লেখ করেন। বক্তব্য রাখেন স্বাস্থ্য দপ্তরের অতিরিক্ত সচিব রাজীব দত্ত, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডা: অঞ্জন দাস। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী কাজের দক্ষতার নিরিখে প্রবীণ ও নবীন চিকিৎসকদের সম্মাননা প্রদান করেন।

****************************

**State Level Banamhotsav :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ খোয়াই মহকুমার বেহালা বাড়ি বাজার মাঠে ৭৬তম রাজ্যভিত্তিক বনমহোৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বনসংরক্ষণ এবং বনদস্যুদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেবার উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিত ছিলেন সাংসদ কৃতি দেবী দেববর্মা, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক নির্মল বিশ্বাস ও পিনাকী দাস চৌধুরী।

****************************

**Jail-Enquiry :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বিশালগড় কেন্দ্রীয় সংশোধনাগারে আসামি মৃত্যুর ঘটনায় ম্যাজিস্ট্রেট পর্যায়ে তদন্তের নির্দেশ দিয়েছেন। ঘটনাটির গুরুত্ব অনুধাবন করে মুখ্যমন্ত্রী জেলা শাসকের মাধ্যমে

ম্যাজিস্ট্রিয়াল তদন্ত পরিচালনার নির্দেশ প্রদান করেছেন এবং দ্রুত রিপোর্ট জমা দেবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকেও মুখ্যমন্ত্রী প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন। উল্লেখ্য, বিশালগড় কেন্দ্রীয় সংশোধনাগারে আটক এক বিচারাধীন বন্দী কৈলাস রায়ের গত ২৯শে জুন মৃত্যু হয়।

*************************

**Anti Drug :**

সমাজ কল্যাণ মন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, রাজ্য সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। আজ আগরতলা টাউন হলে আন্তর্জাতিক মাদকদ্রব্যের অপব্যবহার ও বেআইনি পাচার বিরোধী দিবস উপলক্ষে রাজ্যভিত্তিক সচেতনতা কর্মসূচীর উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, নেশার ভয়াবহ দিক সম্পর্কে যুব সমাজকে বিশেষভাবে সতর্ক করতে হবে। নেশামুক্ত সমাজ গঠন করা একা প্রশাসনের পক্ষে সম্ভব না। এজন্য সমাজের সবার সহযোগিতা প্রয়োজন। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ভাষণে নেশামুক্ত সমাজ গঠনের ক্ষেত্রে ছাত্রছাত্রীদেরও সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন।

**************************

**ADC :**

এডিসি এলাকায় বিদ্যালয়গুলিতে প্রাক প্রাথমিক স্তর এবং প্রাথমিক স্তরের দ্বিতীয় শ্রেনীর ছাত্রছাত্রীদের জন্য আজ রোমান স্ক্রিপ্টে লেখা পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির সূচনা করা হয়। এ উপলক্ষ্যে আজ খুমুলুং-এ আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের নির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা। ৩০টি বিদ্যালয় পরিদর্শকের মাধ্যমে এই পাঠ্যপুস্তকগুলি বিদ্যালয়গুলিতে পাঠানো হবে।

****************************

**Hul Divas :**

সাঁওতাল বিদ্রোহের স্মরণে রাজ্যেও পালিত হল ১৭১তম হুল দিবস। সিধু কানহু স্মৃতি সুরক্ষা কমিটি, ঝুমুর সাহিত্য সংস্কৃতি সংসদ ও ঝাড়খন্ড উন্নয়ন সমিতি এই তিন সংগঠন আলাদাভাবে গতকাল এই দিবস উদযাপন করেছে। নরেন্দ্র পুর চাবাগান, ব্রহ্মকুন্ড চাবাগান এবং লতামিয়া ও কৃষ্ণ পুর চাগান মাঠে অনুষ্ঠিত হয় তীরন্দাজী ও ফুটবল খেলা।

****************************************

**DAJBA–Ratanlal Nath :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ ধরতি আবা জন ভাগীদারি অভিযান–এর অংশ হিসেবে হেজামারা আর. ডি ব্লকের মাল্টিপারপাস কমিউনিটি হলে বিভিন্ন বিদ্যালয় থেকে আগত জনজাতি ছাত্রছাত্রীদের মধ্যে আয়োজিত ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন। শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রতিমন্ত্রী বৃষকেতু দেব্বর্মা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

******************************

**CPIM :**

জিরানীয়া মহকুমার বিভিন্ন স্থানে বিরোধীদের উপর দুষ্কৃতিকারীদের আক্রমনের প্রতিবাদ জানিয়ে সিপিআইএম জিরানিয়া মহকুমা কমিটির উদ্যোগে আজ আগরতলায় পুলিশ সদর দপ্তরের সামনে বিক্ষোভ প্রদর্শন করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মানিক দে, সি.পি.আই.এম রাজ্য কমিটির সদস্য রাধাচরণ দেববর্মা প্রমুখ।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Union Cabinet Decision :**

দেশে কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ প্রায় এক লক্ষ কোটি টাকার কর্মসংস্থান-কেন্দ্রিক ইন্সেন্টিভ বা পারিতোষিক প্রকল্পে অনুমোদন প্রদান করেছে। এই প্রকল্পের লক্ষ্য হল দুই বছরের মধ্যে দেশে সাড়ে ৩ কোটিরও বেশি কর্মসংস্থান সৃষ্টি করা। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিকদের একথা জানান। তিনি আরও জানান, এর মধ্যে ১ কোটি ৯২ লক্ষ সুবিধাভোগী হবেন প্রথমবারের মতো কর্মক্ষেত্রে প্রবেশকারী। এই প্রকল্পের সুবিধাগুলি পয়লা আগস্ট ২০২৫ থেকে ৩১ জুলাই, ২০২৭ সালের মধ্যে তৈরী হওয়া কর্মসংস্থানের জন্য প্রযোজ্য হবে বলেও জানান শ্রী বৈষ্ণো। তিনি আরো জানান কেন্দ্রীয় মন্ত্রিসভা এক লক্ষ কোটি টাকার গবেষণা উন্নয়ন ও উদ্ভাবন প্রকল্পেও অনুমোদন দিয়েছে।একইসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রিসভা নাগরিকদের ক্ষমতায়নের জন্য জাতীয় ক্রীড়া নীতি ২০২৫-এ সম্মতি জানিয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

########Byte- Ashwini Vaishnaw########

*************************************

**Voice Over-11 Year of NDA Goverment :**

ভারত সরকার বিগত ১১ বছরে বিভিন্ন সময়ে সৌরশক্তি ক্ষেত্রে বেশ কয়েকটি দিশারী কর্মসূচি চালু করেছে। পরীক্ষামূলক এই প্রকল্পগুলোর মাধ্যমে

সৌরশক্তির বিকল্প কাজে লাগিয়ে অগ্রযাত্রার নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। একটি প্রতিবেদন।

##########VC###########

******************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম নামে তিনটি নতুন ফৌজদারি আইন আগামী দিনে ফৌজদারি বিচার ব্যবস্থাকে বদলে দেবে। আজ এই তিনটি নতুন ফৌজদারি আইনের এক বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে শ্রী শাহ বলেন যে এই ব্যবস্থা সম্পূর্ণরূপে বাস্তবায়নে সর্বোচ্চ তিন বছর সময় লাগবে। তিনি উল্লেখ করেন যে দেশে এই আইনগুলি সম্পূর্ণরূপে বাস্তবায়নের পর এফআইআর দায়েরের তিন বছরের মধ্যে ন্যায়বিচার নিশ্চিত করা হবে।

******************************

**GST COMPLETES 8 YEARS :**

ভারতীয় কর ব্যবস্থায় পরোক্ষ করের বদলে একক, একীভূত পণ্য ও পরিষেবা কর (জিএসটি) চালু হওয়ার আট বছর পূর্ণ হলো আজ। অর্থনৈতিক একীকরণ এবং কর সংস্কারের দিকে একটি বড় পদক্ষেপ হিসেবে ২০১৭ সালে জিএসটি চালু হয়। এর ফলে কর প্রতিপালন সহজ হয়েছে, ব্যবসার খরচ কমেছে এবং রাজ্যগুলিতে পণ্য অবাধে চলাচলের সুযোগ হয়েছে। এই পদক্ষেপগুলি কেবল ব্যবসা সহজতর করার পাশাপাশি করের ভিত্তিকেও শক্তিশালী করেছে।

****************************

**Fifa f4s-UEM :**

ফুটবলে অংশগ্রহণ বৃদ্ধি এবং পড়ুয়াদের মধ্যে শক্তিশালী ক্রীড়া সংস্কৃতি গড়ে তুলতে সারা দেশের স্কুলগুলিতে প্রায় ১০ লক্ষ ফুটবল বিতরণ করা

হবে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান কলকাতার ফোর্ট উইলিয়ামে অবস্থিত পিএমশ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে ফুটবল ফর স্কুলস (এফ ফোর এস) এর অংশ হিসেবে ফিফা ফুটবল বিতরণের উদ্বোধনীপর্বে এই ঘোষণা করেন। অনুষ্ঠানে শ্রী প্রধান জানান যে, কোন স্কুলে একটি ফুটবলও ছোটদের খেলার সাথে জড়িত হতে এবং খেলার প্রতি প্রকৃত আবেগ তৈরি করতে অনুপ্রাণিত করতে পারে। তিনি আরও উল্লেখ করেন যে, সারা দেশের স্কুলগুলিতে প্রায় ১০ লক্ষ ফুটবল বিতরণ করা হবে। স্কুলে পড়ুয়াদের কাছে খেলাধুলাকে আরও সহজলভ্য করে তৃণমূল স্তরে ফুটবলকে নিয়ে যাওয়াই ফেডারেশন ইন্টারন্যাশনাল ডি ফুটবল অ্যাসোসিয়েশন, ফিফা পরিচালিত এফ ফোর এস কর্মসূচির লক্ষ্য।

*******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

**************************